

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(প্রশাসন শাখা)  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)



বিজ্ঞপ্তি নং- ১৫২

এ,

তারিখঃ ০২ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ  
১৬ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** দেশের ৬৪ জেলার জেলা ও দায়রা জজ ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং মহানগর এলাকার মহানগর দায়রা জজ ও চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক অভিভাষণ প্রদান অনুষ্ঠান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মুজিব বর্ষে বিচার বিভাগে আরো গতিশীলতা আনয়নের লক্ষ্যে আগামী ০৪ এপ্রিল, ২০২০ খ্রিস্টাব্দ রোজ শনিবার সকাল ১০.৩০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্ট অডিটোরিয়ামে দেশের ৬৪ জেলার জেলা ও দায়রা জজ ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং মহানগর এলাকার মহানগর দায়রা জজ ও চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক অভিভাষণ প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জনাব সৈয়দ মাহমুদ হোসেন প্রধান অতিথি হিসেবে দিক নির্দেশনামূলক অভিভাষণ প্রদান করবেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এম.পি বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে বক্তব্য প্রদান করবেন।

০২। এমতাবস্থায়, দেশের ৬৪ জেলার জেলা ও দায়রা জজ ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং মহানগর এলাকার মহানগর দায়রা জজ ও চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ-কে উক্ত অভিভাষণ প্রদান অনুষ্ঠানে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/

(মোহাম্মদ আক্তারুজ্জামান ডুইয়া)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮২৬ (অফিস)

ই-মেইল: aktar.dr@supremecourt.gov.bd


স্মারক নং- ২৫৩০

এ,

তারিখঃ ০২ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ  
১৬ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ.....(সকল)।
৩. মহানগর দায়রা জজ.....(সকল)।
৪. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট.....(সকল)।
৫. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট.....(সকল)।
৬. মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....।
১১. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৩. অফিস কপি।

  
(কাজী আরাফাত উদ্দীন)  
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)